# নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে ইংরেজি ভাষার শিক্ষার্থীদের (ELL) হাই স্কুলে পদোন্নতি এবং স্নাতক ডিগ্রী সংক্রান্ত নীতি

সাধারণত, ইংরেজি ভাষার শিক্ষার্থীদের(ELLs) অন্যান্য ছাত্রছাত্রীর মতো পদোন্নতির এবং স্নাতক ডিগ্রীর আবশ্যকতার মানদণ্ড একই ধরণের হয়ে থাকে।

## *ELLs*–দের হাই স্কুলে পদোন্নতির জন্য কী ধরণের আবশ্যকতার প্রয়োজন?

প্রতি বছর পদোন্নতির জন্য, আপনাকে 9 তম গ্রেডে 8 ক্রেডিট, 10 তম গ্রেডে 20 ক্রেডিট (কমপক্ষে ইংরেজি/ ক্লাস থেকে 4 এবং সোশ্যাল স্টাডিজ থেকে 4) এবং 11 তম গ্রেডে 30 ক্রেডিট পেতে হবে।

## পরের গ্রেডে আমার পদোন্নতি না হলে কী হবে?

পরের গ্রেডে যেতে আপনার যে ক্রেডিট প্রয়োজন তা না পেলে, আপনি জুন মাসে নিজের স্কুল থেকে একটি চিঠি পাবেন। আপনাকে গ্রীষ্মকালীন স্কুলে গিয়ে ক্রেডিট পেতে আবশ্যক ক্লাসে উত্তীর্ণ হতে হবে। কিছু স্কুলে স্কুলেরপরে বা অন্যান্য কার্যক্রম যেমন "ক্রেডিট উদ্ধার" কার্যক্রম উপ্লভ্য আছে। আপনার স্কুল থেকে জানুন যে তারা কী ধরণের ক্রেডিট উদ্ধারের কার্যক্রম প্রদান করে।

## স্নাতক ডিগ্রীর জন্য আমার কত ক্রেডিট প্রয়োজন?

স্নাতক হতে আপনার 44 কোর্স ক্রেডিট প্রয়োজন। এর মধ্যে যা থাকতে হবে:

- 8 ইংরেজি/ESL ক্রেডিট
- 8 সোশ্যাল স্টাডিজ ক্রেডিট
- 6 অঙ্কের ক্রেডিট
- 6 বিজ্ঞান ক্রেডিট
- 4 জিম ক্রেডিট
- 2 বিদেশী ভাষা ক্রেডিট
- 2 কলা ক্রেডিট
- 1 স্বাস্থ্য ক্রেডিট
- 7 ইলেকটিভ ক্রেডিট

## আমি কি অন্য দেশে করা কোর্সের ক্রেডিট পেতে পারি?

হ্যাঁ পাবেন। অধ্যক্ষ আপনার ট্রান্সক্রিপ্ট পর্যালোচনা করে সেই কোর্সের সাথে তুলনামূলক ভাবে নিউ ইয়র্ক স্টেটের মানের ভিত্তিতে আপনাকে ক্রেডিট দেবেন।

## আমি যদি কোনও নিউ ইয়র্ক সিটি স্কুলে প্রথম বার হাইস্কুলে ভর্তি হই, তাহলে কি আমি *44* ক্রেডিটের কমে স্নাতক হতে পারব?

না। আপনি নিউ ইয়র্ক সিটি স্কুলে যে সময়ে ভর্তি হয়ে থাকুন না কেন, আপনার তবুও স্নাতক হতে 44 ক্রেডিট লাগবে।

## হাই স্কুল ডিপ্লোমা সহ স্নাতক হতে আমায় কি কোনও পরীক্ষায় পাস করতে হবে?

আপনাকে (স্কোর 65 বা তার বেশি) 5টি নিউ ইয়র্ক স্টেট রিজেন্ট পরীক্ষা অথবা 4টি রিজেন্ট পরীক্ষা এবং অন্য

একটি নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত পরীক্ষায় পাস করতে হবে। যদি আপনি কোনও নিউ ইয়র্ক পাবলিক স্কুলে ।। গ্রেডের আগে ভর্তি হয়ে থাকেন আপনাকে নিম্নলিখিত রিজেন্ট পরীক্ষায় পাস করতে হবে:

- ইংরেজি ভাষা কলাবিভাগ (ইংরেজি) পরীক্ষা
- একটি ইতিহাস পরীক্ষা (বিশ্বব্যাপী বা মার্কিন যুক্ত রাজ্যের ইতিহাস)
- একটি অঙ্ক পরীক্ষা (বীজগণিত I, II, বা জ্যামিতি)
- একটি বিজ্ঞান পরীক্ষা (জীবিত পরিবেশ (জীববিদ্যা), রসায়ন, পদার্থবিদ্যা, বা ভূবিজ্ঞান)
- অন্য একটি অনুমোদিত পরীক্ষা, যেমন ক্যারিয়ার ও টেকনিক্যাল এজুকেশন(CTE) পরীক্ষা, অ্যাডভান্সড প্লেসমেন্ট (AP) পরীক্ষা, বা CDOS-এর ক্রিডেনশিয়াল

আপনি 60, 61, 62, 63, বা 64 স্কোর সহ দুটি পরীক্ষার জন্য আবেদন দিতে পারেন এবং নির্দিষ্ট কিছু আবশ্যকতা পূরণ করলে পাস করতে পারেন। আরও তথ্যের জন্য আমাদের আবেদনের তথ্যপত্র দেখুন: http://www.advocatesforchildren.org/sites/default/files/library/regents_exam_appeal_options.pdf.

## আমি যদি কোনও নিউ ইয়র্ক পাবলিক স্কুলে প্রথম বার *11* গ্রেডে ভর্তি হই, তাহলে কী হবে?

আপনি যদি নিউ ইয়র্কে প্রথমবার কোনও স্কুলে 11 গ্রেডে ভর্তি হয়ে থাকেন, আপনাকে অবশ্যই ইংরেজি, অঙ্ক, মার্কিন ইতিহাস ও বিজ্ঞান এই 4টি রিজেন্ট পরীক্ষায় পাস করতে হবে। অধ্যক্ষ সেই সকল ELL শিক্ষার্থীদের যারা সম্প্রতি গ্লোবাল বা বিশ্বব্যাপী ইতিহাস পরীক্ষা থেকে এসেছে, তাদের ছাড় দিতে পারেন।

## আমি যদি কোনও নিউ ইয়র্ক পাবলিক স্কুলে প্রথম বার *12* গ্রেডে ভর্তি হই, তাহলে কী হবে?

আপনি যদি নিউ ইয়র্কে প্রথমবার কোনও স্কুলে 12 গ্রেডে ভর্তি হয়ে থাকেন, আপনাকে অবশ্যই ইংরেজি, অঙ্ক ও মার্কিন ইতিহাস এই 3টি রিজেন্ট পরীক্ষায় পাস করতে হবে। অধ্যক্ষ সেই সকল ELL শিক্ষার্থীদের যারা সম্প্রতি বিজ্ঞান পরীক্ষা এবং গ্লোবাল বা বিশ্বব্যাপী ইতিহাস পরীক্ষা থেকে এসেছে, তাদের ছাড় দিতে পারেন।

## *ELLs*-দের কি ইংরেজি রিজেন্ট পরীক্ষায় বসতে হবে?

হ্যাঁ। স্নাতক হতে সকল ELL-কে ইংরেজি রিজেন্ট পরীক্ষায় পাস করতে হবে। **যেসকল ELL US-এ প্রথম বার 9 গ্রেডে বা তার পরে ভর্তি হয়েছেন তারা 55-59 স্কোর সহ ইংরেজি রিজেন্ট পরীক্ষা ও স্নাতকের জন্য আবেদন করতে পারেন।** পরীক্ষার আবেদনের জন্য আপনাকে অবশ্যই:

- কমপক্ষে দুবার পরীক্ষায় বসতে হবে
- কলা বিভাগ ইংরেজি ভাষায় আপনাকে অ্যাকাডেমিক সাহায্য নিতে হবে
- কলা বিভাগ ইংরেজি ভাষার ক্লাস আপনাকে পাস করতে হবে
- আপনার ইংরেজি শিক্ষক বা ইংরেজি বিভাগের প্রধান শিক্ষক দ্বারা অনুমোদিত অতে হবে

যেসব শিক্ষার্থী ইংরেজি রিজেন্ট পরীক্ষার জন্য আবেদন করছেন তারা 60, 61, 62, 63 বা 64 স্কোর সহ অন্য একটি পরীক্ষার জন্যেও আবেদন করতে পারবেন।

## আমাকে কি অন্য রিজেন্ট পরীক্ষাটি ইংরেজিতে নিতে হবে?

নির্ভর করছে। মার্কিন ইতিহাস, বিশ্বব্যাপী ইতিহাস, বীজগণিত I, জীবিত পরিবেশ (জীববিদ্যা) এবং ভূবিজ্ঞানের পরীক্ষা স্পেনীয়, চীনা, কোরিয়ার, রাশিয়ার ও হায়তিয়ান ক্রেওল ভাষায় উপলভ্য। আপনার মাতৃ ভাষায় পরীক্ষা উপলভ্য না হলে, আপনি মৌখিকভাবে প্রশ্নের অনুবাদ করাতে পারেন। নিজের মাতৃ ভাষায় পরীক্ষার প্রশ্ন পেলে আপনি অপেন-এন্ডেড

অর্থাৎ বিস্তারিত উত্তর লিখতে পারবেন। ইংরেজি রিজেন্ট পরীক্ষার সব প্রশ্ন ও উত্তর ইংরেজিতে পড়ে ইংরেজি ভাশাতেই লিখতে হবে।

## রিজেন্ট পরীক্ষায় আর কী ধরনের পরীক্ষার সুবিধা *ELL*-এর শিক্ষার্থীরা পেতে পারেন?

ELL–এর শিক্ষার্থীরা নিম্নলিখিত সুবিধা পেতে পারেন:

- অতিরিক্ত সময়, প্রায়শই আরও "আধ ঘন্টা"
- আলাদা জায়গা থেকে একা অথবা অল্প সংখ্যক পরীক্ষার্থীদের সাথে রিজেন্ট পরীক্ষা দেওয়া
- ইংরেজি রিজেন্ট পরীক্ষার সময়ে আপনি হয়ত কানে শোনার অংশটি দুবারের পরিবর্তে 3বার শুনতে পারেন
- ইংরেজি রিজেন্ট পরীক্ষা বাদে আপনি দ্বিভাষিক অভিধান এবং শব্দকোষ ব্যবহার করতে পারবেন

## পরীক্ষা সংক্রান্ত এই সুবিধা কি সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য যারা *ELL* হিসেবে আর শ্রেণিবদ্ধ নয়?

NYSESLAT (নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট) যা ELL শিক্ষার্থীদের ইংরেজি ভাষা জানার দক্ষতার পরীক্ষা হিসেবে প্রতি বছর মার্চ থেকে জুন মাসের মধ্যে দিতে হয়, সেটি পাস করার পর 2 বছরের জন্য আপনি রিজেন্ট পরীক্ষার সুবিধা পাবেন।আপনি যদি ELL হিসেবে আর শ্রেণিবদ্ধ না হন, তাহলে আপনি উপরে বর্ণিত ইংরেজি রিজেন্ট পরীক্ষার জন্য উপযুক্ত নন।

## *COVID-19* চলাকালীন পরিবর্তনসমূহ:

**জুন 2020 থেকে জানুয়ারি 2022**–এর মধ্যে আপনি যদি রিজেন্ট পরীক্ষা দেওয়ার কথা ভেবে থাকেন, আপমি হয়ত পরীক্ষার জন্য COVID-19 ছাড় পাওয়ার যোগ্য হতে পারেন*

আপনি যদি রিজেন্ট কোর্স পাস করে সেই বিষয়ে রিজেন্ট পরীক্ষা **জুন 2022 ও অগাস্ট 2023–এর মধ্যে** দেন, তাহলে আপনি 60-64 এর পরিবর্তে 50-64 স্কোর পেয়েও রিজেন্ট ডিপ্লোমা পাওয়ার যোগ্য হবেন। আরও জানতে এই পরামর্শ পত্র বা tip sheet দেখুন।

* COVID-19–এর জন্য না হলেও 2022 সালের জুন মাসেও মার্কিন ইতিহাস রিজেন্ট পরীক্ষা বাতিল হয়ে যায়। আপনার যদি এই পরিক্ষাটি দেওয়ার কথা ছিল, তাহলে আপনি রিজেন্ট ছাড়ের জন্য উপযুক্ত।

**আরও প্রশ্ন আছে?**

**অনুগ্রহ করে জিল চাইফেটজ এডুকেশন হেল্পলাইন**

সোমবার থেকে বৃহস্পতিবার • সকাল 10টা থেকে বিকেল 4টের মধ্যে

1-866-427-6033 (টোলফ্রি)

এই তথ্যপত্রে আইনি পরামর্শ অন্তর্ভুক্ত নেই। এই তথ্যপত্র AFC–এর মতামত ব্যক্ত না করে বিদ্যমান নীতি ও বিধি-বিধানের সারসংক্ষেপ প্রদান করে। আপনার কোনও আইনি সমস্যা হলে, অনুগ্রহ করে আমমোক্তার বা উকিলের সাথে যোগাযোগ করুন।

গ্রন্থস্বত্ব © মে 2022–এ অ্যাডভোকেটস ফর চিলড্রেন অব নিউ ইয়র্ক, ইঙ্ক–এর